ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

**স-৩১২৯**

আগরতলা,৮ অক্টোবর,২০২৫

**রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমে সম্পূর্ণ বিনামূল্যে**
**হৃদযন্ত্রে সফল অস্ত্রোপচারে সুস্থ শিশু**

রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের অধীন সম্পূর্ণ বিনামূল্যে চিকিৎসা পরিষেবা লাভ করে সুস্থ ও স্বাভাবিক হয়ে উঠলো ১বছর ৯ মাস বয়সের শিশু। গোমতী জেলার অধীন উদয়পুর মহকুমা হাসপাতালের অন্তর্গত গর্জির সাদর পাড়া এলাকার বাসিন্দা তুহিন মিয়া এর ১ বছর ৯ মাস বয়সের সন্তান জন্মের হওয়ার ৬মাস পর থেকেই শারীরিক অসুস্থতায় ভুগছিল। সে শ্বাসকষ্ট, কাশিজনিত সমস্যায় ভুগছিল।শ্বাসকষ্ট এবং কাশিজনিত সমস্যায় কারণে তাকে আইজিএম হাসপাতালে ভর্তি করা হয়। আইজিএম হাসপাতালে পরীক্ষা করার পর শিশুটির যক্ষ্মা রোগ এবং জন্মগত হৃদরোগ সনাক্ত করা হয়। প্রথম অবস্থায় শিশুটিকে যক্ষ্মা রোগের চিকিৎসা করা হয়। তারপর আইজিএম থেকে ত্রিপুরা সুন্দরী মহকুমা হাসপাতালের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রম টিমকে খবর পাঠানো হয়। খবর পেয়ে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রম টিম পরিবারের সাথে যোগাযোগ করে শিশুটিকে গত বছর ১২ জুন অ্যাপেলো চিলড্রেনস হাসপাতাল, চেন্নাই এবং গোমতী জেলার ডিইআইসি (DEIC) সহযোগিতায় আয়োজিত সিএইচডি শিবিরে উপস্থিত করে। এই শিবিরে শিশুটির স্ক্রিনিং করা হয় এবং হৃদযন্ত্রে অপারেশন করার চিকিৎসকগণ সিদ্ধান্ত নেন। এই হৃদযন্ত্রের সমস্যার চিকিৎসা বেসরকারি হাসপাতালে অনেক ব্যয় সাপেক্ষ। কিন্তু রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মাধ্যমে হৃদযন্ত্রে এই ধরনের ব্যয়বহুল চিকিৎসা পরিষেবা বহির্রাজ্যের বেসরকারি হাসপাতালে এখন বিনামূল্যেই করা হয়ে থাকে। তাই শিশুকে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের চিকিৎসকদের উদ্যোগে অ্যাপেলো চিলড্রেনস হাসপাতাল, চেন্নাইয়ে পাঠানো হয়। সেখানে গত ১৬ সেপ্টেম্বর অ্যাপেলো চিলড্রেনস হাসপাতালের ভর্তি করা হয়। গত ১৯ সেপ্টেম্বর শিশুটির হৃদযন্ত্রের সফল অস্ত্রোপচার করা হয়। গত ২৯ সেপ্টেম্বর শিশুটিকে হাসপাতাল থেকে ছুটি দিয়ে দেওয়া হয়। কয়েকদিন পরই সম্পূর্ণ সুস্থ হয়ে সে রাজ্যে ফিরে আসে। রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের সম্পূর্ণ বিনামূল্যে অস্ত্রোপচারের ফলে শিশুটি সুস্থ হয়ে উঠায় তার মা, বাবা ও পরিবারের অন্যান্যরা খুবই আপ্লুত। পাশাপাশি ত্রিপুরা সুন্দরী মহকুমা হাসপাতালের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের চিকিৎসক সহ সমস্ত স্বাস্থ্যকর্মীদের প্রতি তারা ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

*****